

64

**বিভিন্ন স্থানে সাক্ষরতা দিবস পালিত**

সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে রাজনৈতিক, সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানগুলো ব্যাপক কর্মসূচীর আয়োজন করে। এ সব কর্মসূচীর মধ্যে ছিল সেমিনার, স্টাফ, আলোচনাসভা, নিরক্ষরদের মধ্যে বই বিতরণ ইত্যাদি। এ ব্যাপারে সংবাদ-এর প্রতিনিধিদের পাঠালো ববর:

**গোপালগঞ্জ**

জেলা প্রশাসনের উদ্যোগে গত ৮ই সেপ্টেম্বর স্থানীয় নজরুল পাবলিক লাইব্রেরীতে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোঃ আবদুল মোতালেব মিয়ান সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মহিউদ্দিন আহমেদ, অধ্যাপক আতিয়ার রসুল, দৈনিক 'যুগকথা'-র সম্পাদক শেখ মোঃ ইলিয়াস, প্রভাবক হারুনর রশিদ মিরন প্রমুখ। পরে ঐ একই স্থানে দৈনিক 'যুগকথা'-র পরিচালনায় নৈশকালীন একটি গণশিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়। কমপক্ষে ২৫ জন নিরক্ষর লোকের মধ্যে 'আদর্শলিপি' পুস্তক বিতরণ করে এই গণশিক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ আবদুল মোতালেব মিয়া।

**রাঙ্গুনিয়া**

এ উপলক্ষে রাঙ্গুনিয়া আওয়ামী লীগের উদ্যোগে শহীদ মিনার চত্বরে মাস্টার শামসুল আলম চাবীর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় ১৯৭৫ পরবর্তীতে সরকারের উদাসীনতার কারণে সাক্ষরতা হারের ক্রমাবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় দেশকে নিরক্ষরতার হাত থেকে মুক্ত করার শপথ গ্রহণের আহ্বান জানিয়ে বক্তব্য রাখেন খলিলুর রহমান চৌধুরী, ছাদেকানুর সিকদার, ডাঃ ছালেহ আহমদ, বেদার চৌধুরী ও সিরাজুল ইসলাম চৌধুরী।

সভাশেষে নেতৃবৃন্দ থানা নির্বাহী কর্মকর্তার নিকট এক স্বাক্ষরলিপি প্রদান করেন।

**চুয়াডাঙ্গা**

৮ই সেপ্টেম্বর চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের নেতৃত্বে এক শোভাযাত্রা শহর প্রদক্ষিণ করে। এই শোভাযাত্রায় চুয়াডাঙ্গা পৌরসভাধীন সব স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মচারী অংশগ্রহণ করে। শোভাযাত্রাশেষে স্থানীয় শ্রীমন্ত টাউন হলে জেলা প্রশাসকের সভাপতিত্বে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনায়

অংশ নেন অহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা পৌর চেয়ারম্যান, সরকারী কলেজের অধ্যক্ষ থানা শিক্ষা অফিসার, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। আলোচনা সভাশেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সবশেষে 'ভাষা ও সাক্ষরতা ভিত্তিক' ভোর হলো দোর খোলো' প্রমাণ্য চিত্র প্রদর্শিত হয়।

**কুড়িগ্রাম**

বিভিন্ন কর্মসূচীর মধ্যে ছিল স্কুল ছাত্র-ছাত্রীদের বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ছোটদের মধ্যে চকলেট বিতরণ।

**আখাউড়া**

এখানে থানা প্রাথমিক শিক্ষা বিভাগের উদ্যোগে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে মিছিল ও আলোচনাসভার আয়োজন করা হয়। বেলা ১১টায় ছাত্র-ছাত্রী ও শিক্ষকবৃন্দের মিছিল শহরের প্রধান প্রধান শহর প্রদক্ষিণ করে থানা প্রশাসন ভবন গ্রাঙ্গণে গিয়ে শেষ হয়। এরপর থানা মিলনায়তনে ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা আবদুল হকের সভাপতিত্বে সাক্ষরতা বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত এক আলোচনাসভায় প্রধান অতিথি ছিলেন থানা নির্বাহী কর্মকর্তা আনোয়ারুল করিম। অন্যান্যের মধ্যে শহিদুল হক, আনোয়ার আহমদ প্রমুখ বক্তব্য রাখেন।